

‘সরকারি আইনি সেবার মানোন্নয়নে সহায়তা প্রদান’ প্রকল্পের আওতায়
জেলা পর্যায়ে মামলা জট নিরসনে জেলা লিগ্যাল এইড অফিসে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের মানোন্নয়ন বিষয়ক
প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নির্দেশনা

১. অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের বিষয়বস্তু হবে ‘সরকারি আইনি সেবার সাফল্য’ এবং ‘বিকল্প বিরোধ নিষ্পত্তির কেন্দ্রস্থল জেলা লিগ্যাল এইড অফিস’।
২. প্রশিক্ষণে ০২ জন করে প্রশিক্ষক থাকবেন। ০১ (এক) জন জেলা লিগ্যাল এইড অফিসার এবং বাকী ০১ (এক) জন জেলা ও দায়রা জজ মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।
৩. প্রশিক্ষণে সম্ভাব্য অংশগ্রহণকারী :
জেলা লিগ্যাল এইড কমিটির সদস্য, জেলা প্রশাসনের প্রতিনিধি, পুলিশ সুপারের প্রতিনিধি, জেলা আইনজীবী সমিতির প্রতিনিধি, প্যানেল আইনজীবী, বিচারপ্রার্থী, উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি।
৪. প্রতিটি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা অন্যান্যসহ ৪০ (চল্লিশ) জন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ফরম এর কপি সংরক্ষণক্রমে সংস্থার কেন্দ্রীয় কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
৫. প্রশিক্ষণে খরচের বিবরণী নিম্নরূপ :

ক্রমিক নং	বিবরণ	অংশগ্রহণকারীর সংখ্যা (প্রতি জন)	দিন সংখ্যা	টাকার পরিমাণ	মোট খরচ
১	প্রশিক্ষকদের সম্মানী ভাতা	২	১	১০০০	২,০০০/-
২	অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা	৪০	১	৫০০	২০,০০০/-
৩	বিবিধ খরচ : (নাস্তা/দুপুরের আপ্যায়ন, ব্যানার, সার্টিফিকেট, স্টেশনারীঃ হোয়াইট বোর্ড মার্কার পেন, ডাস্টার, কাগজ, টিস্যু ও অন্যান্যঃ ফুল, পানি)	৪০	১	৩০০	১২,০০০/-
মোট					৩৪,০০০/-

কথায়ঃ চৌত্রিশ হাজার টাকা মাত্র।

উল্লেখ্য যে, উপরোক্ত ছকে ১,২,৩ খাতওয়ারী ব্যয় কমবেশী হলেও মোট বরাদ্দ ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা এর মধ্যে ব্যয় সমন্বয় করতে হবে।

৬. প্রতিটি জেলায় ০১ টি (এক) করে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য এ সংক্রান্ত বরাদ্দকৃত অর্থ ‘জেলা লিগ্যাল এইড অফিসার’ এর নামীয় হিসেবে প্রেরণ করা হবে। বরাদ্দকৃত অর্থ ‘৪৮৪০-প্রশিক্ষণ ব্যয়’ কোড নথিতে সংরক্ষণ করতঃ ব্যয় সম্পন্ন করতে হবে।
৭. প্রশিক্ষণ সংক্রান্ত খরচাদির বিল ভাউচার এর মূলকপি সংরক্ষণক্রমে ২০ জুন ২০১৭ খ্রি: তারিখের মধ্যে সংস্থার কেন্দ্রীয় কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
৮. প্রতিটি প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের জন্য ৪০টি আইনের বই, Tri-Folder (Brochure), ফোল্ডার, স্পাইরাল প্যাড, লিফলেট ও কলমসহ উপকরণ সামগ্রী সংস্থার কেন্দ্রীয় কার্যালয় হতে প্রেরণ করা হবে।
৯. জেলা লিগ্যাল এইড অফিসারের প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যমূলক একটি প্রতিবেদন ২০ জুন ২০১৭ খ্রি: তারিখের মধ্যে সংস্থার কেন্দ্রীয় কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।